



বেবি কেয়ার হাসপাতালে অক্সিজেন লিকেজে শিশুমৃত্যুর অভিযোগ



ছবি: সংগৃহীত

রাজধানীর শ্যামলীর বেবি কেয়ার হাসপাতালে চার মাস বয়সী এক শিশুর মৃত্যুকে কেন্দ্র করে হাসপাতাল কর্তৃপক্ষের বিরুদ্ধে অবহেলার অভিযোগ উঠেছে। ঘটনাটি নিয়ে স্বজনদের মধ্যে ক্ষোভ ও উত্তেজনা দেখা দিয়েছে।

নিহত শিশুর পরিবারের দাবি, চিকিৎসাধীন অবস্থায় হাসপাতালের অক্সিজেন লাইনে বা সিলিভারে লিকেজ দেখা দিলেও দ্রুত কার্যকর ব্যবস্থা নেওয়া হয়নি। এর ফলে শিশুটির অবস্থার অবনতি ঘটে এবং পরে তার মৃত্যু হয়।

তবে এ অভিযোগ অস্বীকার করেছে হাসপাতাল কর্তৃপক্ষ। কর্তব্যরত চিকিৎসকের দাবি, অক্সিজেন লিকেজের সঙ্গে শিশুটির মৃত্যুর কোনো সম্পর্ক নেই। শিশুটি আগে থেকেই জটিল শারীরিক সমস্যায় ভুগছিল এবং তার অবস্থা ছিল সংকটাপন্ন।

ঘটনার পর হাসপাতালে উত্তেজনাকর পরিস্থিতির সৃষ্টি হলে অন্যান্য রোগীদের নিরাপত্তার কথা বিবেচনা করে দ্রুত বিভিন্ন হাসপাতালে স্থানান্তর করা হয়।

এদিকে অভিযোগের বিষয়ে হাসপাতাল কর্তৃপক্ষের বক্তব্য জানতে চাওয়া হলেও প্রতিষ্ঠানের মালিক গণমাধ্যমের সঙ্গে কথা বলতে রাজি হননি। ঘটনার প্রকৃত কারণ জানতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের তদন্তের দাবি জানিয়েছেন স্বজনরা।